

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

...

সভাপতি মোহাম্মদ মাহবুবুর রহমান
পরিচালক (পরিবহন)
সভার তারিখ ১১ ডিসেম্বর ২০১৮
সভার সময় বেলা ৩.০০ ঘটিকা
স্থান রুম নং-১১১
উপস্থিতি পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চল, পশ্চিমাঞ্চল ও রেলভবন হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাই করতঃ তালিকা প্রস্তুত করার লক্ষ্যে সবাইকে উন্মুক্ত আলোচনার জন্য আহ্বান জানান।

এ প্রেক্ষিতে উপ-পরিচালক (অপারেশন/সিডার্লিউসিএস) বলেন, পূর্বাঞ্চল হতে ৪টি, পশ্চিমাঞ্চল হতে ৪টি এবং রেলভবন, ঢাকা হতে ২টি উদ্ভাবনী ধারণা পাওয়া গেছে। তিনি তা সভায় ক্রমান্বয়ে উপস্থাপন করেন যা নিম্নরূপ:

পূর্বাঞ্চল হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহঃ

ক্রম নং	প্রস্তাব/শিরোনাম	উদ্ভাবক
১।	আংটায়ুক্ত খাঁচা তৈরি করে সাথে বস্তা লাগিয়ে কোচের সংযোজনের মাধ্যমে কোচের অভ্যন্তরীণ ময়লা আবর্জনা পরিষ্কার করে সেখানে ফেলার ব্যবস্থা করা।	ইনোভেশন টিম-৩ সিএমই/পূর্ব, মেকানিক্যাল/হেডকোয়ার্টার, ডিএমই/ক্যারেজ।
২।	ক) চলন্ত ট্রেনে ইনচার্জ ও কন্ডাক্টর গার্ডগণের সরঞ্জাম রাখার বক্স বহনের জন্য লাগেজ ট্রলি ব্যবহার প্রসঙ্গে। খ) অতিরিক্ত কোচের সম্মানিত যাত্রী সাধারণের নির্বিঘ্নে ট্রেনে উঠা ও নামার জন্য স্পেশাল টাইপের সিঁড়ির ব্যবস্থা প্রসঙ্গে।	ইনোভেশন টিম-৪ সিওপিএস/পূর্ব, অতিরিক্ত সিওপিএস/পূর্ব, ডিটিও/চট্টগ্রাম।
৩।	আইনের সংশোধন ও রেলওয়ে স্থাবর সম্পত্তি পুনরুদ্ধার।	ইনোভেশন টিম-৯ সিসি/আরএনবি, সি/আরএনবি/চট্টগ্রাম, সি/আরএনবি/হেডকোয়ার্টার।
৪।	ক) রোগীদের রেজিস্ট্রেশন ও ওষুধ সরবরাহ কম্পিউটারাইজড করার ব্যবস্থা গ্রহণ করা। খ) সকল রোগী এবং কর্মচারীদের আইডি মেইনটেনেন্স সিস্টেম চালু করা। গ) চিকিৎসা বিভাগের জনবল পরিসংখ্যানে অনলাইন সিস্টেম চালু করা।	ইনোভেশন টিম-৭ সিএমও, ডিএমও, এ এস।

পশ্চিমাঞ্চল হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহঃ

ক্রম নং	প্রস্তাব/শিরোনাম	উদ্ভাবক
---------	------------------	---------

১।	রেলওয়ের গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের ওয়াচ টাওয়ার নির্মাণ।	ইনোভেশন টিম-৯ সিসি/আরএনবি, সি/আরএনবি, এসি/আরএনবি।
২।	প্লাটফর্মের দৈর্ঘ্য ব্রডগেজ ১৮/৩৬, মিটারগেজ ২০/৪০ কোচ ধারণক্ষমতা সম্পন্নকরণ এবং প্লাটফর্ম উচ্চতা ব্রডগেজ ক্যারেজ লেভেলকরণ।	ইনোভেশন টিম-৪ সিওপিএস/পশ্চিম, অতিরিক্ত সিওপিএস/পশ্চিম, ডেপুটি সিওপিএস।
৩।	নিষ্ক্ষিপ্ত পাথরের আঘাত হতে নন এসি কোচের যাত্রীসাধারণকে রক্ষাকরনের নিমিত্তে জানালায় স্থায়ী নেট সংযুক্তকরণ।	ইনোভেশন টিম-৪
৪।	যাত্রীবাহী কোচসমূহে বায়ো টয়লেট স্থাপন।	ইনোভেশন টিম-৩ সিএমই/পশ্চিম, অতিরিক্ত সিএমই, ডিএমই।

রেলভবন, ঢাকা হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ :

ক্রম নং	প্রস্তাব/শিরোনাম	উদ্ভাবক
১।	কোচের ভিতর যাত্রী উঠার পর কোন্ কোচে উঠেছে তা নিশ্চিত হতে পারে না। তাই কোচের ভিতর কোচ নম্বর লিখে রাখলে যাত্রীদের সুবিধা হবে।	উপ-পরিচালক (যান্ত্রিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২।	রেলস্টেশনে যাত্রীদের বিভিন্ন সুবিধাদি রয়েছে যেমনঃ মালামাল পরিবহনের জন্য ট্রলি, প্রতিবন্ধী যাত্রীদের জন্য হইল চেয়ার, র্‌যাম্প, স্টেশনে ওয়াই-ফাই, পার্শ্বল ট্রলি ইত্যাদি। প্রাপ্ত সুবিধা অবহিতকরণ এবং প্রদানের জন্য মোবাইল এ্যাপস চালু করা যেতে পারে।	উপ-পরিচালক (অপারেশন/সিডাব্লিউসিএস)
৩।	বর্তমানে একজন যাত্রীকে টিকেটের প্রাপ্যতা, ভাড়া ও ট্রেনের সময়সূচী ইত্যাদি জানার জন্য রেলস্টেশনে আসতে হয়। এটি যদি মোবাইল এ্যাপস এর মাধ্যমে ঘরে বসে তথ্য দেয়া যায় তবে যাত্রীর সময় ও অর্থের অপচয় হ্রাস করা যায়।	উপ-পরিচালক (অপারেশন/সিডাব্লিউসিএস)

বিস্তারিত আলোচনার পর কমিটির সকল সদস্যগণ প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলোকে যাচাই-বাছাই পূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত ধারণাগুলোকে উদ্ভাবনী ধারণা হিসেবে নির্বাচন করেন :

১। কোচের ভিতর কোচ নম্বর লিখে রাখা।

২। রেলস্টেশনে যাত্রীদের বিভিন্ন সুবিধাদি অবহিতকরণ এবং প্রদানের জন্য মোবাইল এ্যাপস চালু করা।

৩। একজন যাত্রীকে টিকেটের প্রাপ্যতা, ভাড়া ও ট্রেনের সময়সূচী ইত্যাদি জানানোর জন্য মোবাইল এ্যাপস চালু করা।

আলোচ্যসূচিতে অন্য কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ মাহবুবুর রহমান
পরিচালক (পরিবহন)

তারিখ: ৩ পৌষ ১৪২৫

১৭ ডিসেম্বর ২০১৮

স্মারক নম্বর: ৫৪.০১.২৬০০.০১০.১৮.০০৫.১৮.৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
- ২) অতিরিক্ত সচিব (আইসিটি ও অডিট), অতিরিক্ত সচিব অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
- ৩) একান্ত সচিব, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে (সদয় অবগতির জন্য)
- ৪) উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১, উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা-১ এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
- ৫) উপপরিচালক, ট্রাফিক-কমার্শিয়াল, বাংলাদেশ রেলওয়ে
- ৬) উপপরিচালক, প্রকৌশল শাখা, বাংলাদেশ রেলওয়ে
- ৭) উপপরিচালক, মেকানিক্যাল শাখা, বাংলাদেশ রেলওয়ে
- ৮) উপপরিচালক (টেলিকম), সিএসটিই(টেলিকম)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

রুবিনা পারভীন

উপপরিচালক (অপারেশন/ সিডাব্লিউসিএস)